# আল-হাক্কাহ | Al-Haqqa | اَلْحَاقَّة

আয়াতঃ ৬৯ : ৩

## আরবি মূল আয়াত:

وَ مَاۤ اَدۡرٰىكَ مَا الۡحَآقَّۃُ ؕ ﴿۳﴾

## অনুবাদসমূহ:

আর কিসে তোমাকে জানাবে অবশ্যম্ভাবী ঘটনা কী? — আল-বায়ান

আর তুমি কি জান কী সেই নিশ্চিত সংঘটিতব্য বিষয়? — তাইসিরুল

কিসে তোমাকে জানাবে সেই অবশ্যম্ভাবী ঘটনা কি? — মুজিবুর রহমান

And what can make you know what is the Inevitable Reality? — Sahih International

### ৩. আর কিসে আপনাকে জানাবে সে অবশ্যম্ভাবী ঘটনা কী?

-

তাফসীরে জাকারিয়া

### (৩) কিসে তোমাকে জানাল সেই অবশ্যম্ভাবী ঘটনা কী? [1]

[1] অর্থাৎ, কিসের মাধ্যমে তুমি এর পূর্ণ বাস্তবতা সম্পর্কে অবহিত হতে পার? উদ্দেশ্য এ জ্ঞানের অস্বীকৃতি জ্ঞাপন। অর্থাৎ, তোমার এ ব্যাপারে জ্ঞান নেই। কেননা, তুমি এখন তা না দেখেছ, আর না তার ভয়াবহতা পরিদর্শন করেছ। এ হল সৃষ্টিকুলের জ্ঞানের আওতা-বহির্ভূত। (ফাতহুল ক্বাদীর) কোন কোন আলেম বলেন, কুরআনে যে ব্যাপারেই অতীতকালের ক্রিয়াপদ وَمَاۤ أَدْرَاكَ ব্যবহার করে প্রশ্ন করা হয়েছে, তার উত্তর দিয়ে ব্যাখ্যা বর্ণনা করে দেওয়া হয়েছে। আর যে ব্যাপারে ভবিষ্যৎকালের ক্রিয়াপদ وَمَا يُدْرِيكَ ব্যবহার করে প্রশ্ন করা হয়েছে, উত্তরের মাধ্যমে তার জ্ঞান বা ব্যাখ্যা মানুষকে জানানো হয়নি। (ফাতহুল ক্বাদীর, আয়সারুত্ তাফাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5326

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন